

কুড়িগ্রামে এইচএসসিতে অংশ নেয়া তিন কলেজের ১০৪৯ ছাত্রছাত্রী এখনও মার্কশীট পায়নি

রাজু মোস্তাফিজ, কুড়িগ্রাম থেকে : রাজশাহী শিক্ষা বোর্ডে পরীক্ষা ফিসের টাকা বকেয়া রাখায় রাজারহাট মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজ কেন্দ্রের আওতায় তিনটি কলেজের গত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী এক হাজার ৪৯ ছাত্রছাত্রীর ট্যাবুলেশনশীট এবং মার্কশীট এখন পর্যন্ত আসেনি। ফলে ১শ' ২৫ ছাত্রছাত্রীর বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ ও কৃষি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন প্রতিষ্ঠানের আসন্ন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। পাশাপাশি যারা অকৃতকার্য হয়েছে তারা কেন্দ্র বিষয়ে কত নম্বর পেয়েছে তাও জানা থেকে বঞ্চিত হয়ে পড়েছে। এর ফলে ছাত্রছাত্রী ও অভিভাবকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। অভিযোগে জানা গেছে, গত এইচএসসি পরীক্ষায় রাজারহাট মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজ কেন্দ্রে মীর ইসমাইল হোসেন কলেজের ৬৭৩ জন, আদর্শ মহিলা কলেজের ২৩৭ জন, রাজারহাট মহিলা কলেজের ১৩৯ জনসহ মোট এক হাজার ৪৯ জন পরীক্ষায়

অংশগ্রহণ করে। এরমধ্যে মাত্র ১২৫ জন উত্তীর্ণ হয়। পরীক্ষায় অংশগ্রহণকারীরা যথারীতি পরীক্ষার ফিস, কেন্দ্র ফিস ও অন্যান্য ফিস পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ করে পরীক্ষায় অংশগ্রহণ করে। সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র জানায়, পরীক্ষা কেন্দ্রের সচিব মীর ইসমাইল হোসেন ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মীর মোস্তাক আহমেদ ইরানী রাজশাহী বোর্ডের কতিপয় অসৎ কর্মকর্তা কর্মচারীর সঙ্গে যোগসাজশে ছাত্রছাত্রীদের কাছ থেকে আদায় করা নির্ধারিত ফিস পরিশোধ করেনি। তিনি গত এইচএসসি পরীক্ষার ফিস বাবদ আদায়কৃত টাকা থেকে এক লাখ ২৮ হাজার টাকা বকেয়া রেখে পরীক্ষার্থীদের তালিকাভুক্ত করে প্রবেশপত্র নিয়ে আসেন। কিন্তু অদ্যাবধি ঐ টাকা পরিশোধ না করায় বোর্ড কর্তৃপক্ষ এই কেন্দ্রের ট্যাবুলেশনশীট ও মার্কশীট আটকে রেখেছে। এখন প্রতিদিন ছাত্রছাত্রী এবং অভিভাবকরা মার্কশীটের জন্য আসছেন এবং তা না পেয়ে ফিরে যাচ্ছেন। মীর ইসমাইল হোসেন কলেজের এক প্রভাষক নাম প্রকাশ না করার শর্তে জানান, ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিপুল পরিমাণ টাকা আত্মসাত করেছে।